# টেকনাফ সীমান্তে মিয়ানমারের ছোড়া গুলিতে আহত শিশু হুজাইফার মৃত্যু



ছবি: সংগৃহীত

মিয়ানমার সীমান্ত থেকে ছোড়া গুলিতে গুরুতর আহত টেকনাফের শিশু হুজাইফা আফনান (৯) শেষ পর্যন্ত প্রাণ হারিয়েছে।

শনিবার (৭ ফেব্রুয়ারি) সকাল ৯টা ৪৫ মিনিটে ঢাকার জাতীয় ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। বিষয়টি নিশ্চিত করেছেন তার চাচা শওকত আলী।

এর আগে ১১ জানুয়ারি সকালে রাখাইন দিক থেকে আসা গুলিতে আহত হয় হুজাইফা। সেদিন সন্ধ্যায় তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউতে ভর্তি করে লাইফ সাপোর্টে রাখা হয়। চিকিৎসকেরা জানান, গুলিটি তার মস্তিষ্কে আঘাত করেছে।

পরবর্তীতে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকায় নেওয়া হয়। সেখানে ২৭ দিন ধরে চিকিৎসা চলার পর তার মৃত্যু ঘটে।

এ ঘটনায় আরও দু’জন আহত হয় বলে জানা যায়। ঘটনার প্রেক্ষিতে ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত উ কিয়াও সো মো-কে তলব করে পররাষ্ট্র মন্ত্রণালয়।

LENS ASIA